বারাদীতে কৃষি গবেষণা ইনস্টিটিউটের শ্রমিক-কর্মচারীদের মানববন্ধন

ন্যায্য মজুরি বৃদ্ধি, নিয়োগপত্র প্রদানসহ পাঁচ দফা দাবি বাস্তবায়নের দাবিতে মেহেরপুরের বারাদীতে মানববন্ধন করেছেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের শ্রমিক-কর্মচারীরা।

আজ রোববার দুপুরে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের বারাদী কেন্দ্রে কর্মরত শ্রমিক-কর্মচারীরা এ মানববন্ধনে অংশ নেন।

মানববন্ধনে শ্রমিকদের দৈনিক মজুরি বৃদ্ধি, দীর্ঘদিন ধরে কর্মরত শ্রমিকদের নিয়োগপত্র প্রদান, নিয়োগের ক্ষেত্রে স্থানীয়দের অগ্রাধিকার, দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণের ব্যবস্থা এবং নতুন মজুরি কাঠামো কার্যকরের দাবি জানানো হয়।

মানববন্ধনে বক্তব্য দেন বিল্লাল, সাহাবুদ্দিন ও লুলু। এ ছাড়া শ্রমিক-কর্মচারীদের মধ্যে বক্তব্য দেন ইমন হোসেন ও আব্দুর রহিম।

বক্তারা বলেন, দীর্ঘদিন ধরে শ্রমিক-কর্মচারীরা নিষ্ঠা ও দায়িত্বশীলতার সঙ্গে প্রতিষ্ঠানে কাজ করে আসছেন। অথচ তাঁদের অনেকেই এখনো নিয়োগপত্র পাননি। বর্তমান বাজারদরের সঙ্গে সামঞ্জস্য রেখে তাঁদের দৈনিক মজুরি বৃদ্ধি করা এখন সময়ের দাবি।

তাঁরা আরও বলেন, প্রতিষ্ঠানে নতুন নিয়োগের ক্ষেত্রে স্থানীয়দের অগ্রাধিকার দিতে হবে। পাশাপাশি শ্রমিকদের দক্ষতা ও কর্মক্ষমতা বাড়াতে প্রশিক্ষণের ব্যবস্থা এবং ঘোষিত নতুন মজুরি কাঠামো দ্রুত কার্যকর করতে হবে।

এ সময় বক্তারা তাঁদের পাঁচ দফা দাবি দ্রুত বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ কামনা করেন।